উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

জেন্ডার ও উন্নয়ন ফোরাম
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১.(০১).০২/২৭০ তারিখ: ২৩.০২.২০১৯

বিষয়: **এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪০তম সভার কার্যবিবরণী।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪০তম সভা গত ২২ জানুয়ারি ২০১৯ইং, বিকাল ২:৩০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ খলিলুর রহমান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংশ্লিষ্ট উপস্থিতি অত্রসাথ সংযুক্ত (সংযুক্তি-০১)।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা। | সভায় সদস্য-সচিব নতুন সভাপতি মহোদয়কে অভিনন্দন জানিয়ে গত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং কার্যবিবরণীর সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করা হয়। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| ২। সেক্টর ভিত্তিক জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে মুদ্রণ সংক্রান্ত অগ্রগতি। | সভাপতি মহোদয় জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে পুস্তক আকারে মুদ্রণের অগ্রগতির বিষয়টি জানতে চান। এ বিষয়ে সদস্য-সচিব জানান মুদ্রণের কাজের দায়িত্বে থাকা বর্তমান তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) অত্যন্ত ব্যস্ত থাকায় মুদ্রণের কাজের বিশেষ কোন অগ্রগতি হয়নি। সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) এই কর্মপরিকল্পনায় জেন্ডারের ওপর এলজিইডি'র Achievement Part আছে কিনা জানতে চান। এ প্রসঙ্গে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) জানান Achivement Part সম্পুর্ন প্রস্তুত হয়নি আরো কিছুদিন সময় প্রয়োজন। অতঃপর সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) বলেন, এই কর্মপরিকল্পনা মুদ্রণে ইউজিআইআইপি-III আর্থিক সাপোর্ট প্রদান করবে। সে প্রেক্ষিতে সভাপতি মহোদয় আগামী ১৫ দিনের মধ্যে সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরামকে জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে পুস্তক আকারে ১৫০০ কপি মুদ্রণ কাজের বাজেট উপস্থাপনসহ মুদ্রণের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানান। Achievement Part পরবর্তীতে আলাদাভাবে প্রিন্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| ৩। জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনার বাস্তবায়ন নির্দেশিকা প্রস্তুতকরণ ও জেন্ডার মনিটরিং তথ্য ছক সংক্রান্ত। | সভায় সভাপতি মহোদয় তথ্য ছক, মনিটরিং ফরমেট পূরণে সহায়ক এবং জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য "বাস্তবায়ন নির্দেশিকা" প্রস্তুত হয়েছে কিনা জানতে চাইলে সদস্য-সচিব সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করেন। এই প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) বলেন, উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের সহায়ক হিসাবে বাস্তবায়ন নির্দেশিকা তৈরীতে অর্থের প্রয়োজন এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি), বাংলাদেশ রেসিডেন্ট মিশন (বিআরএম) এর প্রাক্তন জেন্ডার বিশেষজ্ঞ ফেরদৌসী ম্যাডাম'কে দিয়ে তা করানোর প্রস্তাব করেন। তৎপ্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) বলেন, এডিবি হতে জেন্ডারের ওপর টিএ প্রজেক্ট আসবে এবং বাস্তবায়ন নির্দেশিকা তৈরী করার জন্য সেই টিএ প্রজেক্টে জেন্ডার বিশেষজ্ঞ নিয়োগ প্রদান করা যাবে। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা) টিএ প্রজেক্টের বর্তমান অবস্থা সম্পর্কে সভায় অবহিত করেন। অতঃপর জনাব মোঃ রেজাউল করিম, প্রকল্প পরিচালক, প্রভাতী জানান টিএ প্রকল্প আরম্ভের পূর্বে তাঁর প্রকল্পের জেন্ডার বিশেষজ্ঞ'কে কাজে নিয়োজিত করা যেতে পারে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), সেক্টর ওয়ারী বর্তমান কর্মপরিকল্পনা অনুযায়ী 'মনিটরিং ফরমেট' কাষ্টমাইজড করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। সে মোতাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থপনা) ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের জন্য সভায় সুপারিশ করেন। অতঃপর সভাপতি মহোদয় জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর; জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি এবং জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি'কে নিয়ে কমিটি গঠন করেন এবং আগামী ১৫ (পনের) দিনের মধ্যে মনিটরিং ফরমেট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর।<br>জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি।<br>জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি। |
| ৪। বিবিধ | সভাপতি মহোদয় আলোচনার অন্য কোন বিষয় আছে কিনা জানতে চাইলে সৈয়দা আসমা খাতুন, সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম উল্লেখ করেন আসছে ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদ্‌যাপনের বিষয়টি আলোচনা হওয়া প্রয়োজন। সভাপতি মহোদয় ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হবে এবং এ সংক্রান্ত নথি প্রধান প্রকৌশলী মহোদয় | আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৯। |

| | | |
|---|---|---|
| | বরাবর অগ্রগামী করার জন্য তাঁকে অনুরোধ জানান ও আগামী ফেব্রুয়ারি, ২০১৯ মাসের ১ম সপ্তাহে আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদ্‌যাপন সংক্রান্ত সভা আহবানের সিদ্ধান্ত প্রদান করেন। জনাব গোপাল কৃষ্ণ দেবনাথ, প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি বলেন, উন্নয়ন সহযোগী সংস্থার প্রকল্পগুলিতে জেন্ডার Integrate করা হয় কিন্তু জিওবি প্রকল্পগুলিতে জেন্ডার'কে গুরুত্ব কম দেয়া হয় এবং জেন্ডার এ্যাকশন প্লান ও জেন্ডারের অন্যান্য কার্যক্রম এলজিইডি'র ওয়েব সাইটে নিয়মিত আপলোড করা হয় কিনা জানতে চান। অতঃপর সভাপতি মহোদয় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)'কে জেন্ডার ও উন্নয়ন ফোরামের সকল প্রকার পত্র, সভার কার্যবিবরণী, Success Story'র তথ্যাদি এলজিইডি'র ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ জানান। জনাব মোঃ রেজাউল করিম, প্রকল্প পরিচালক, প্রভাতী; জেন্ডার ও উন্নয়ন ফোরামে উন্নয়ন সহযোগী সংস্থার প্রকল্পগুলির পাশাপাশি জিওবি প্রকল্পগুলো থেকে ২/৩ জন প্রকল্প পরিচালককে সংযুক্ত করার বিষয়টি সভায় উল্লেখ করলে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে উক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১/১৯

(মোঃ খলিলুর রহমান)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

বিতরণঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী [রক্ষণাবেক্ষণ-(সড়ক)], এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম (পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি(জাইকা-II), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৯। প্রকল্প পরিচালক, পিআরওভিএটিআই৩(প্রভাতী), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। প্রকল্প পরিচালক, সিটিইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। জনাব শেখ মোহাঃ নূরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। নির্বাহী প্রকৌশলী (প্রশিক্ষণ-১), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব হোসনে আরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিইডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব রাহেনো বানু, সিনিয়র সহকারী প্রকৌশলী, আরসিআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইডব্লিউআরএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব সোহানা পারভিন, সিনিয়র সহকারী প্রকৌশলী (পিএমএন্ডই ইউনিট), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। জনাব ফারহানা লিমা, সিনিয়র সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৩। জনাব হুমায়রা হাবিব তাসমি, সহকারী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় অবগতির জন্য-

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।